চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৭ নভেম্বর ২০১৭খ্রি.

হোসেন আহমদ চৌধুরী সিটি কর্পোরেশন স্কুল এন্ড কলেজ এবং হালিশহর আলহাজ্ব মহব্বত আলী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত

হোসেন আহমদ চৌধুরী সিটি কর্পোরেশন স্কুল এন্ড কলেজ এবং হালিশহর আলহাজ্ব মহব্বত আলী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় পরিচালনা কমিটির সভা ৭ নভেম্বর ২০১৭ খ্রি . নগরভনের সম্মেলন কক্ষে সন্ধ্যায় অনুষ্ঠিত হয় । উভয় কমিটির সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন, স্কুল ও কলেজের পঠন অগ্রগতি পর্যালোচনা ও অনুমোদন, বাজেট উপস্থাপন ও অনুমোদন, বার্ষিক পুরষ্কার বিতরণ অনুষ্ঠান সম্পন্ন করন, শিক্ষক স্বল্পতা নিরসন, বিবিধ খরচ সমন্বয় সহ নানা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় । সভার সভাপতি সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন পরিচালনা কমিটির সকল সদস্যকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সুনাম সু-খ্যাতি অটুট রেখে শিক্ষার মান ও গুন বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখার আহবান জানান। তিনি শিক্ষকদের পাঠদান পদ্ধতি সহজ এবং শিক্ষার্থীদের মন মানসিকতা অনুধাবন করে শিক্ষা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার পরামর্শ দেন। তিনি বলেন , নগরবাসীর ট্যাক্সের টাকা থেকে ভর্তুকি দিয়ে আলোকিত মানুষ গড়ার কার্যক্রমকে সফল ও স্বার্থক করতে হবে। এ বিষয়ে তিনি সকলের আন্তরিকতা প্রত্যাশা করেন। সভায় প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, শিক্ষা কর্মকর্তা সাইফুর রহমান, উভয় শিক্ষা প্রতিষ্ঠানের সদস্য সচিব যথাক্রমে মিসেস রেহেনা আকতার খানম ও সুমেত তাপস বড়–য়া, উভয় শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্য মিসেস তারানুম দেলোয়ার, মো. আলমগীর, মাহমুদুল হক, এনামুল হক লিটন, মিসেস আনোয়ারা বেগম, মাকসুদ আলী, সাহেদা ইকবাল, নার্গিস আকতার, তপন কান্তি দেবনাথ সহ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ৭ নভেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা স্থায়ী কমিটির ২৭ তম সভায় ৪৭ তম মহান বিজয় দিবসের কর্মসূচী গৃহিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা স্থায়ী কমিটির ২৭ তম সভা ৭ নভেম্বর ২০১৭ খ্রি. কমিটির সভাপতি নাজমুল হক ডিউকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন কমিটির সদস্য কাউন্সিলর মাজহারুল ইসলাম চৌধুরী, হাসান মুরাদ বিপ্লব, সংরক্ষিত কাউন্সিলর ফারহানা জাবেদ, সদস্য সচিব প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। সভায় ৪৭ তম মহান বিজয় দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ব্যাপক কর্মসূচী গ্রহণ করে কর্মসূচীর মধ্যে রয়েছে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস শুক্রবার ভোর রাত ০১ মিনিটের সময় কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন, একই দিন কর্পোরেশনভূক্ত বিদ্যালয় ও কলেজসমূহের স্কাউট, গার্লস গাইড, রোভার-রেঞ্জার, কাব এবং ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে কর্ণফুলী সেতু সংলগ্ন বাকলিয়া চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্টেডিয়ামে সকাল ৮ টা ৩০ মিনিটে প্যারেড পরিদর্শন, কুচকাওয়াজ ও সালাম গ্রহণ এবং সকাল ৮ টা ৫৫ মিনিটে ডিসপ্লে অনুষ্ঠিত হবে। এই কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সালাম গ্রহণ করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। পরে সিটি মেয়র কুচকাওয়াজ ও ডিসপ্লেতে অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করবেন।

১৬ ডিসেম্বর বিকেল ৩ টায় কর্পোরেশনের উদ্যোগে নগরীর থিয়েটার ইনষ্টিটিউটে চিত্রাংকন ও সাংস্কৃতিক প্রতিযোগীতায় বিজয়ীদের পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। সভায় বিগত সভার কার্যবিবরণী পঠন ও অবহিত করন, এসএসসি নির্বাচনী পরীক্ষার ফলাফল সংক্রান্ত আলোচনা এবং আসন্ন এস এস সি পরীক্ষার ভাল ফলাফলের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ, কম্পিউটার ইনষ্টিটিউট সমূহে সার্টিফিকেট বিতরণ কর্মসূচী গ্রহণ এবং স্কুল ও কলেজ সমূহের শিক্ষক সমন্বয় করা সহ নানা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

চট্টগ্রাম- ৭ নভেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন বিষয়ে আপিলকারীদের রিভিউ বোর্ডের শুনানীর ৮ম দিনে ১৬৪ জন হোল্ডারের আপত্তি নিষ্পত্তি হোল্ডিং ট্যাক্স কমল ৭৩.২৫%

০৭ নভেম্বর ২০১৭ খ্রি. সার্কেল-৬ এর আপিলকারীদের আপিল নিষ্পত্তির জন্য সকাল ১১ টা থেকে রিভিউ বোর্ড এর কার্যক্রম শুরু হয়। আজ ১৬৪ টি আপত্তি নিষ্পত্তি করা হয়। শুনানীর ৮ম দিনে আপিল রিভিউ বোর্ডে উপস্থিত হওয়ার জন্য ১৭০ জন হোল্ডার এর নিকট পত্র প্রেরণ করা হলে তন্মোধ্যে ১৬৪ জন হোল্ডার আপীল রিভিউ বোর্ডে শুনানীর জন্য উপস্থিত হন। আপীল রিভিউ বোর্ড হোল্ডারদের আপত্তি আমলে নিয়ে নির্ধারিত ভেল্যু থেকে গড়ে ৭৩.২৫% ছাড় দিয়েছে। এছাড়াও ৮ জন মুক্তিযোদ্ধা ও ৭ জন বিধবা ও গরীব হোল্ডারকে বছরে নামমাত্র ৫১ টাকা হোল্ডিং ট্যাক্স নির্ধারন করা হয়েছে। সম্মানীত ১৫ জন হোল্ডারের পৌরকর পূর্বের হার বহাল রাখা হয়েছে। আপিল রিভিউ বোর্ড ১৬৪ জন হোল্ডারের অ্যাসেসমেন্ট ভেল্যু ২ কোটি ৬৩ লক্ষ ৪০ হাজার ৭ শত টাকা থেকে কমিয়ে ৭০ লক্ষ ৫৫ হাজার ১ শত টাকা ভেল্যু ধার্য্য করেছে। ফলে এ্যাসেসমেন্ট ভ্যালু থেকে ১ কোটি ৯৩ লক্ষ ১৫ হাজার ৬ শত টাকা কর কমল। আপিল রিভিউ বোর্ড দু'ভাগে বিভক্ত হয়ে শুনানীতে অংশ নেন। মেয়র দপ্তরে অনুষ্ঠিত শুনানীতে সভাপতিত্ব করেন মেয়র আ জ ম নাছির উদ্দীন এবং প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তরে রিভিউ বোর্ডের শুনানীতে মেয়রের পক্ষে সভাপতিত্ব করেন কাউন্সিলর হাবিবুল হক। আপিল রিভিউ বোর্ড সদস্য প্রকৌশলী এম .আবদুর রশিদ, এডভোকেট চন্দন বিশ্বাস, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, ট্যাক্সেশন অফিসার এ কে এম সালাহ উদ্দিন, উপ কর কর্মকর্তা নাছির উদ্দিন সহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ৭ নভেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশলী ও স্থপতি কর্মকর্তাদের নিয়ে বিএমডিএফ'র দুইদিনের প্রশিক্ষণ কর্মশালা শুরু

বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর মিউনিসিপ্যাল গভার্নেন্স এন্ড সার্ভিস প্রজেক্ট (এমজিএসপি) এর আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে ৭ নভেম্বর ২০১৭ খ্রি. মঙ্গলবার, সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে দুই দিনের "সোশ্যাল এন্ড এনভায়রনমেন্টাল আসপেক্টস" বিষয়ক কর্মশালা শুরু হয়েছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আবুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বিএমডিএফ এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ হাসিনুর রহমান। কর্মশালায় এমজিএসপি প্রজেক্ট ম্যানেজমেন্টের বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য উপস্থাপন করেন প্রজেক্টের ম্যানেজার মো. কামরুজ্জামান, এনভায়রনমেন্টাল স্পেশালিষ্ট আবদুল গনি, ইঞ্জিনিয়ার মো. আশরাফু জ্জামান, স্থপতি মোস্তাসিম মাহমুদ খান। কর্মশালায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আনোয়ার হোসেন, প্রধান নগর পরিকল্পনাবিদ এ

কে এম রেজাউল করিম, অতিরিক্ত হিসাব রক্ষন কর্মকর্তা হুমায়ুন কবিরসহ কর্পোরেশনের অন্যান্য নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী ও সহকারী স্থপতিগণ অংশ গ্রহণ করেন। দুই দিনের কর্মশালার মধ্যে আগামীকাল অনুষ্ঠিত হবে সেফগার্ড ট্রেনিং।
কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নাগরিকদের প্রত্যাশা অনেক। জেনে না জেনেও মেয়রের নিকট অনেক কিছু প্রত্যাশা করেন। নগরবাসীর প্রত্যাশিত চাহিদাকে বিবেচনায় রেখে সেবা প্রদান করতে গিয়ে সিটি কর্পোরেশনকে অর্থের অভাবে অনেক ক্ষেত্রে হিমশিম খেতে হয়। তিনি বলেন , সিটি কর্পোরেশনের আয়ের অন্যতম উৎস হচ্ছে গৃহকর। কর আদায়ের মাধ্যমে প্রায় সকল নাগরিক সেবা নিশ্চিত করা হয়। প্রতি ৫ বছর অন্তর কর পুনঃমূল্যায়নের মাধ্যমে গৃহকর নির্ধারণ করা হয়। আইন ও বিধি-বিধানের মধ্যে নগরবাসীর সামর্থ্যকে বিবেচনায় রেখে সর্বোচ্চ ছাড় দিয়ে এই গৃহকর নির্ধারণ করা হয়। এই নিয়ে ভুল বুঝাবুঝির কোন অবকাশ নেই। সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন আইন ও বিধি-বিধানের বিস্তারিত তথ্য উপাত্ত ও সঠিক বিষয়গুলো গণমাধ্যমে প্রকাশের জন্য আন্তরিক সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, সিটি কর্পোরেশন যাতে নিজস্ব আয় বৃদ্ধি করে সক্ষমতা অর্জন করতে পারে সে জন্য আয়বর্ধক প্রকল্প গ্রহণ করা হচ্ছে। মেয়র এ ধরনের আয়বর্ধক ও অবকাঠামোগত খাতে ঋণ দিতে এগিয়ে আসা ও প্রশিক্ষণের মাধ্যমে সামগ্রিক দক্ষতা বৃদ্ধিতে কর্পোরেশনের প্রকৌশলী, স্থপতি, কর্মকর্তাদের জন্য দুই দিনের এই প্রশিক্ষন কর্মশালার আয়োজন করায় বাংলাদেশ মিউনিসিপ্যাল ফান্ড (বিএমডিএফ) কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। মেয়র বলেন, বিএমডিএফ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে ১৫০ কোটি টাকা ঋণ দিচ্ছে। প্রদেয় অর্থের মধ্যে ৮০% অর্থাৎ ১২০ কোটি টাকা অনুদান হিসেবে এবং অবশিষ্ট ৩০ কোটি টাকা ৫ শতাংশ সুদে ১০ বছর মেয়াদে পরিশোধযোগ্য ঋণ হিসেবে মঞ্জুর করা হয়েছে। এই ১৫০ কোটি টাকার উপর ভিত্তি করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ফইল্যাতলী বাজারে কিচেন মার্কেট কাম ১০ তলা বিশিষ্ট কমার্শিয়াল ভবন নির্মাণ, বকশিরহাটে কিচেন মার্কেট কাম ১০ তলা বিশিষ্ট কমার্শিয়াল ভবন নির্মাণ ও দক্ষিণ আগ্রাবাদে মাল্টিপারপাস কনভেনশন হল নির্মাণ করছে। মেয়র বলেন, আশা করা যাচ্ছে ২০১৯ সালের মধ্যে এই তিনটি প্রকল্পের কাজ সম্পন্ন হবে। বিএমডিএফ কর্র্তৃপক্ষ এনভায়রনম্যান্টাল এন্ড সোসাল ডেভেলপমেন্ট ডকুমেন্ট তৈরি করে বিশ্বব্যাংকে পাঠালে প্রকল্পের পরবর্তী কাজ শুরু হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।
বিশেষ অতিথির বক্তব্যে বিএমডিএফ এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ হাসিনুর রহমান বলেন, বিএমডিএফ হচ্ছে অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান থেকে এই কাজ চলতি মাসের মধ্যে সম্পন্ন করে আগামী ডিসেম্বর মাসে প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া শুরু করা যাবে বলে জানায় বিএমডিএফ কর্তৃপক্ষ।

চট্টগ্রাম- ৭ নভেম্বর ২০১৭খ্রি.

হোল্ডিং ট্যাক্স বিষয়ে
সিটি মেয়রের সাথে চট্টগ্রাম মহানগর আওয়ামী পেশাজীবী লীগের মতবিনিময়

৭ নভেম্বর ২০১৭ খ্রি. মঙ্গলবার, দুপুরে নগরভবনে মেয়র দপ্তরে বাংলাদেশ আওয়ামী পেশাজীবী লীগ চট্টগ্রাম মহানগর শাখার নবগঠিত কমিটির নেতৃবৃন্দ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী পৌরকর পুনঃমূল্যায়ন বিষয়ে মতবিনিময় করেন। মতবিনিময়ে মেয়র সরকারি বিধি-বিধান ও গেজেট বিজ্ঞপ্তির নানাদিক তুলে ধরে বলেন, পৌরকর এর উপর ভিত্তি করে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা, প্রশাসনিক ব্যয় ও সেবা পরিচালিত হয়। ফলে সম্মানিত হোল্ডারদের সহযোগিতা ছাড়া চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালনা করা দুস্কর। মেয়র নগরবাসীর সার্বিক সহযোগিতায় নাগরিক সেবা শতভাগ নিশ্চিত করতে বদ্ধপরিকর। পেশাজীবী লীগ নেতৃবৃন্দ মেয়রের কল্যাণ ধর্মী ও সেবামূলক সকল কর্মকান্ডে সহযোগিতার অঙ্গীকার ব্যক্ত করেন। এ সময় মহানগর পেশাজীবী লীগের উপদেষ্টা রফিউল হায়দার রফি, সভাপতি মহিউদ্দিন ইকবাল, সাধারণ সম্পাদক আবুল কালাম, সাংগঠনিক

সম্পাদক ইসমাইল ফরিদ, হুমায়ুন কবির, আজম খান, উত্তম পাল, সালাউদ্দিন রনি, ওমর ফারুক সুমন, কায়সার তালুদকার ও ইমরানসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ৭ নভেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন বিষয়ে পাঠানটুলীবাসীর সাথে ওয়ার্ড কাউন্সিলর আবদুল কাদেরের মতবিনিময়

৭ নভেম্বর ২০১৭ খ্রি. মঙ্গলবার, বিকেলে ওয়ার্ড কার্যালয়ে নগরীর ২৮ নং পাঠানটুলী ওয়ার্ডের সুধীজনদের সাথে ওয়ার্ড কাউন্সিলর আবদুল কাদের মতবিনিময় করেন । মতবিনিময়ে তিনি মেয়রের প্রতিশ্রুতি সমূহ তুলে ধরে বলেন , আপিল রিভিউ বোর্ড আপিলকারীদের মতামত সর্বোচ্চ আমলে নিয়ে হোল্ডারদের সামথ্যের মধ্যে হোল্ডিং ট্যাক্স চূড়ান্ত করা হচ্ছে। তিনি আপত্তি থাকলে সকল হোল্ডারকে আপত্তি ১১ নভেম্বর এর মধ্যে আপত্তি দাখিল করার জন্য অনুরোধ জানান। মতবিনিময় সভায় এলাকাবাসীর পক্ষে মতামত তুলে ধরেন মো. হালিম, মো. হোসেন, হারুনুর রশিদ, বাচ্চু, আতিক আহমেদ আকতার, বেলাল উদ্দিন, শাহাজান, আলহাজ্ব মো. জাকারিয়া, মো. জাগির সওদাগর, ইসলাম সওদাগর, কালু সওদাগর, রায়হান উদ্দিন, আবদুর রহিম রাজু, সালাহ উদ্দিন সরকার, শাহজাহান, আব্বাছ, মান্নান, জাফর ইকবাল, জামশেদ, লোকমান, ইমতিয়াজ, রাসু ও কাজল সহ অন্যরা।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা